সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৯৯ তারিখ: ০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৩ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে এবং প্যারিসের বাংলাদেশ দূতাবাস ও ঢাকাস্থ ফ্রান্স দূতাবাসের সহযোগিতায় ফ্রান্সের রাজধানী প্যারিসে 'Intercontinental Paris Le Grand' হোটেলে 'The Rise of Bengal Tiger: Bangladesh-France Trade & Investment Summit - Paris 2023' শীর্ষক একটি সামিট আয়োজিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালী উক্ত সামিট আয়োজনে অংশ নেন। উল্লেখ্য যে, বৈশ্বিক বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বাংলাদেশে বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় ফ্রান্সের প্যারিসে উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে ফ্রান্সের বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের নিকট তুলে ধরা।

ফ্রান্সের প্যারিসে স্থানীয় সময় বিকাল ০৪:০০টায় সামিট আয়োজনটি শুরু হয়। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইউনোস্কোতে বাংলাদেশের দূত এবং স্থায়ী প্রতিনিধি জনাব খন্দকার এম তালহা এবং বাংলাদেশে ফ্রান্সের রাষ্ট্রদূত H.E. Mrs. Marie MASDUPUY। স্বাগত বক্তব্যের পর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের উপর অডিও-ভিজুয়াল প্রদর্শিত হয়। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপনা প্রদান করেন ফ্রান্স-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের চেয়ারম্যান জনাব Pierre - Jean Malgouyres।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে 'Potentials of trade and investment in Bangladesh' শীর্ষক উপস্থাপনা প্রদান করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গঠনে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বাধীনতার মাত্র পঞ্চাশ বছরের ব্যবধানে উন্নয়নের রোল মডেলে পরিণত হওয়ার অভাবনীয় সাফল্যের কথা উল্লেখ করে বঙ্গবন্ধু কন্যার ভূয়সী প্রশংসা করেন তিনি। তিনি ভূরাজনৈতিকভাবে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ কৌশলগত গুরুত্বপূর্ণ ও

সুবিধাজনক অবস্থানের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের তারুণ্যে উজ্জীবিত মানবসম্পদের সুযোগ-সম্ভাবনার কথা উল্লেখ করেন। তিনি বৈশ্বিক সামষ্টিক ও অর্থনৈতিক নানা সূচকে যেমনঃ জিডিপি প্রবৃদ্ধির উচ্চ হার, দারিদ্র্য হ্রাস, শিশুমৃত্যু হ্রাস, খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা ইত্যাদি উল্লেখ করে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন এবং সম্ভাবনার নানা দিক তুলে ধরেন। এছাড়াও তিনি বাংলাদেশ ও ফ্রান্সের দীর্ঘদিনের দ্বিপাক্ষিক সম্পর্ক, দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক এবং পারস্পারিক সহযোগিতার কথা তুলে ধরেন। একইসাথে তিনি পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করেন এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি। বাংলাদেশের উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদানের কথা স্মরণ করেন তিনি। সফল অনুষ্ঠান আয়োজনের জন্য তিনি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

উক্ত সামিট আয়োজনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর ভিডিও বার্তা প্রদর্শিত হয়। ভিডিও বার্তায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি এবং পর্যটনের মতো বিষয়ে ফ্রান্সের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতার বিভিন্ন দিক তুলে ধরেন। পাশাপাশি তিনি আইসিটি, কৃষি, নবায়নযোগ্য জ্বালানি এবং ফার্মাসিউটিক্যালস-এর মতো কয়েকটি গুরুত্বপূর্ণ খাতে ব্যবসায় সম্প্রসারণ তথা বিনিয়োগের আহ্বান করেন এবং ফ্রান্সের বিনিয়োগকারীদের বাংলাদেশে গড়ে তোলা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের প্রস্তাব দেন।

আয়োজিত সামিটে ৫ টি বিজনেস সেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত বিজনেস সেশনসমূহ যথা: সেশন -১: Upgrading infrastructure: Paving way for Development, সেশন -২: Accelerating the energy transition, সেশন -৩: Agriculture and Agro-processing, সেশন -৪: Towards Smart Bangladesh, সেশন -৫: Accelerating investment and trade between France and Bangladesh -এ বাংলাদেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতির প্রসারের সুযোগ ও সম্ভাবনা এবং উন্নত বাংলাদেশ গড়ার নানা দিক নিয়ে আলোচনা হয়।

উক্ত সামিটে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান। আয়োজিত সামিটের সমাপনী বক্তব্য রাখেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া।

এছাড়াও অনুষ্ঠিত Bangladesh-France Trade & Investment Summit-এ বেশ কিছু সমঝোতা স্মারক ও চুক্তি স্বাক্ষরিত হয় এবং একটি ফ্যাশন শো অনুষ্ঠিত হয়। এসময় ফ্রান্সের খ্যাতনামা বেকারি-ক্যাফে রেস্টুরেন্ট চেইন PAUL এর সাথে বাংলোদেশের ফেয়ার গ্রুপের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এছাড়াও উক্ত অনুষ্ঠানে প্রযুক্তিখাতের ফ্রান্সের বিখ্যাত মাল্টিন্যাশনাল কোম্পানি Thales এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট Mr. Guy Bonassi সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং বাংলোদেশে কাজ করার ও Thales এর কার্যক্রম বৃদ্ধির বিষয়ে আগ্রহের কথা জানান।

ফ্রান্সের প্যারিসে এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে দেশের পুঁজিবাজারে বিদেশী ও প্রবাসী বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


ISE OF BENGAL TIGER:
LADESH-FRANCE
E AND INVESTMENT SUMMIT-PARIS, 202
er, 2023
llroom, Intercontinental Paris Le Grand, Paris
THE RISE OF BENGAL TIGER
Organized by
In Partnership with
Supported by
CCBL
Strategic Partner


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH-FRANCE
TRADE AND INVESTMENT SUMMIT-PARIS, 2023
23 October, 2023
Opera Ballroom, Intercontinental Paris Le Grand, Paris


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH-FRANCE
TRADE AND INVESTMENT SUMMIT-PARIS, 2023
23 October, 2023
Opera Ballroom, Intercontinental Paris Le Grand, Paris
THE RISE OF BENGAL TIGER
BANGLADESH WILL BE A DEVELOPED NATION BY 2041


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH-FRANCE
TRADE AND INVESTMENT SUMMIT-PARIS, 2023
23 October, 2023
Opera Ballroom, Intercontinental Paris Le Grand, Paris